

সীমিত

খাতওয়ারী ফেব্রুয়ারি ২০২০ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড

১। **সর্বমোট অর্জন।** বাংলাদেশ কোস্ট গার্ড ফেব্রুয়ারি ২০২০ মাসে সর্বমোট ১৯২ কোটি ১২ লক্ষ ৩৮ হাজার ৭৫০ টাকা মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য।** ফেব্রুয়ারি ২০২০ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ৫১ কোটি ০৮ লক্ষ ৬০ হাজার ৪৫০ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	ডিজেল/প্যাট্রোল	১,৩৬,২০০ লিটার	৬২,২২,০০০/০০
২।	ওয়েল ট্যাংকার	০১টি	৫,০০,০০,০০০/০০
৩।	শাড়ি	৭১,৫৭১ পিস	৩৮,৪১,০৯,৬৫০/০০
৪।	থ্রি পিস/লেহেঞ্জা/শাল	৪,৪৭৪ পিস	২,৮৫,৭৪,৮০০/০০
৫।	সামুদ্রিক মাছ	১,৬০০ কেজি	১,৯২,০০০/০০
৬।	ঘুমের ঔষধ	৬০ পিস	-
৭।	শুটকি মাছ	৪০ কেজি	২৪,০০০/০০
৮।	ডিজেল পাম্প	০২ টি	৪০,০০০/০০
৯।	বোট/ট্রাক	০৬ টি	২,৮৫,০০,০০০/০০
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	০৩ টি	-
২।	তাজা গোলা	০৬ রাউন্ডস্	-
৩।	রামদা/ছুরি	৩৫ টি	-
মৎস্য সম্পদ			
১।	কারেন্ট জাল	২,৩৬,১৩,৩০০ মিটার	৮২,৬৪,৬৫,৫০০/০০
২।	বেহন্দি/মশারি জাল	১,৮৮৩ টি	৯,২৭,৫৫,০০০/০০
৩।	অন্যান্য জাল	১,৭৯,১৪,০২০ মিটার	৩৮,০৭,৩৮,৩০০/০০
৪।	জাটকা	৩১,২৭০ কেজি	১,০১,৪৯,৫০০/০০
৫।	রেনু পোনা	৪,২০,০০,০০০ পিস	৮,৪০,০০,০০০/০০
৬।	বোট	২৪ টি	১,৬২,৭০,০০০/০০
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	৪২,১৫৬ পিস	১,২৬,৪৬,৮০০/০০
২।	সিএনজি/বোট	০২ টি	৫,৫০,০০০/০০
৩।	মোবাইল	০১ টি	১,২০০/০০
পরিবেশে রক্ষা			
১।	হরিণের চামড়া	০২ টি	-
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	৭৪ জন	-
উদ্ধার অভিযান			
১।	যাত্রী/জেলে উদ্ধার	৫৫ জন	
২।	মৃতদেহ উদ্ধার	২১ টি	
৩।	অপহৃত জেলে/ধর্ষিতা উদ্ধার	০৩ জন	
৪।	বোট উদ্ধার	০৩ টি	
			সর্বমোট
			১৯২,১২,৩৮,৭৫০/০০

সীমিত

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** মৎস্য সম্পদ রক্ষা অভিযানে ফেব্রুয়ারি ২০২০ মাসে সর্বমোট ১৪১ কোটি ০৩ লক্ষ ৭৮ হাজার ৩০০ টাকার ২,৩৬,১৩,৩০০ মিটার কারেন্ট জাল, ১,৭৯,১৪,০২০ মিটার অন্যান্য জাল, ১,৮৮৩ টি বেহন্দি/মশারি জাল, ৩১,২৭০ কেজি জাটকা, ৪,২০,০০,০০০ পিস রেনু পোনা ও ২৪টি বোট আটক করা হয়।

৪। **ডাকাত বিরোধী বিশেষ অভিযান।** গত ১৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বিসিজি স্টেশন হাতিয়া কর্তৃক হাতিয়া থানার অন্তর্গত চরকিং ইউনিয়নের চরবগুলা গ্রামে বিশেষ অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে চরবগুলা গ্রামের আবাদী জমি হতে পরিত্যক্ত অবস্থায় ০১টি দেশীয় একনলা বন্দুক উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত অস্ত্র হাতিয়া থানায় হস্তান্তর করা হয়।

৫। **উদ্ধার অভিযান।**

ক। গত ০৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে ০২টি দেশীয় বোট এফভি আল্লাহর দান-১৮ ও এফভি সরফিন কক্সবাজার সমুদ্র এলাকায় (২৯৮ কক্সবাজার বাতি ১২ নটিক্যাল মাইল এবং ২৯৪ কক্সবাজার বাতি ১১ নটিক্যাল মাইল) ডুবে যায়। তৎক্ষণাত্ সমুদ্রে টহলে নিয়োজিত বিসিজিএস সবুজ বাংলা কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ৩৯ জনকে জীবিত ও ০২টি বোট উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত জেলেদের বোটসহ পরিবারের নিকট হস্তান্তর করা হয়।

খ। গত ১১ ফেব্রুয়ারি ২০২০ তারিখে মালয়েশিয়াগামী রোহিঙ্গা নাগরিক বহনকারী ট্রলার সেন্টমার্টিন্স এর ছেড়া দ্বীপ এলাকায় ডুবে যায়। তৎক্ষণাত্ সমুদ্র প্রহরায় নিয়োজিত বিসিজিএস মনসুর আলীসহ বিসিজিএস শ্যামল বাংলা, বিসিজি স্টেশন সেন্টমার্টিন্স ও বিসিজি স্টেশন টেকনাফ কর্তৃক যৌথ উদ্ধার অভিযান পরিচালনা করে ৭৩ জনকে জীবিত ও ২১ জনের মরদেহ উদ্ধার করে। পরবর্তীতে জীবিত উদ্ধারকৃত ৭৩ জন ও ২১ জনের মরদেহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য টেকনাফ থানায় হস্তান্তর করা হয়।

গ। গত ২৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখে পুলিশের জরুরি সেবা '৯৯৯' এর মাধ্যমে জানা যায় পতেঙ্গা হতে সদরঘাট যাওয়ার সময় ওয়াটার বাস (এসএসটি-২২৪) ঘন কুয়াশার কারণে গুপ্তা বাঁকের চরে আটকে যায়। তৎক্ষণাত্ বিসিজি বেইস চট্টগ্রাম কর্তৃক অভিযান পরিচালনা করে ১৬ জন যাত্রী উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত যাত্রীদের নিরাপদ স্থানে হস্তান্তর করা হয়।

ঘ। গত ০৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বিসিজি আউট পোস্ট চরমানিকা কর্তৃক চরফ্যাশন জেলার দক্ষিণ আইচা থানাধীন কুরছির চর এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে কোস্ট গার্ড ০৫ জন ধর্ষক, ০১টি বোট ও ০১ জন ধর্ষিতাকে উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে আটককৃত ধর্ষক, উদ্ধারকৃত ধর্ষিতা ও বোট উপজেলা নির্বাহী কর্মকর্তার উপস্থিতিতে পুলিশের নিকট হস্তান্তর করা হয়।

৬। **অপহৃত জেলে উদ্ধার** গত ১২ ফেব্রুয়ারি ২০২০ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, একদল ডাকাত নোয়াখালী জেলার হাতিয়া থানাধীন মেঘনা নদীর উড়ির চর নামক স্থানে দুই জন জেলেকে অপহরণ করে রেখেছে। উক্ত সংবাদের ভিত্তিতে বিসিজি স্টেশন হাতিয়া কর্তৃক ডাকাত বাহিনীর বিরুদ্ধে অভিযান পরিচালনা করে। অভিযান পরিচালনাকালে টহল দল একটি বোটকে সন্দেহে করে বোটটির কাছে যাওয়া শুরু করলে, তৎক্ষণাত্ বোটে থাকা ডাকাতরা কোস্ট গার্ডকে লক্ষ্য করে বন্দুক তাক করে। এমতাবস্থায় কোস্ট গার্ড আত্মরক্ষার্থে ০২ রাউন্ডস্ ব্লাংক কার্টিজ ফায়ার করলে ডাকাতদল আত্মসমর্পণ করতে বাধ্য হয়। উক্ত বোটে তল্লাশী করে ০৬ জন ডাকাত, ০২টি একনলা দেশীয় বন্দুক, ০৬ রাউন্ডস্ তাজা গোলা, ০৫টি ছুরি, ০৫টি পাইরোটেকনিক, ০১টি কাঠের বোট, ৬০টি ঘুমের ঔষধ ও ০২ জন অপহৃত জেলে উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত জেলেদেরকে পরিবারের নিকট এবং আটককৃত ডাকাতকে মালামালসহ হাতিয়া থানায় হস্তান্তর করা হয়।